

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৭
www.moedu.gov.bd

৩৭.০.০০০০.০৭৮.৩১.০০৪.১৪-৭৯০


তারিখঃ ১৪ পৌষ ১৪২৩
২৮ ডিসেম্বর ২০১৬

বিষয়ঃ দারুল ইহসান বিশ্ববিদ্যালয় সম্পর্কে সদয় অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসংগে।

দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের একাধিক গ্রুপ কর্তৃক অবৈধভাবে পরিচালিত ১০৬টি অননুমোদিত ক্যাম্পাস চিহ্নিত করে সেগুলো বন্ধ করে দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে গত ০৪/০২/২০১৫ তারিখে স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০৪.১৪/৭৩-১০৮ পর্যন্ত ৭২টি পত্র ৩৬টি জেলার জেলা প্রশাসক ও পুলিশ সুপার-এর নিকট প্রেরণ করা হয়; স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০৪.১৪/১১৫, তারিখ ০৮/০২/২০১৫ সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০৪.১৪/৭৩, ৭৪, ৮৮, ৯৩ ও ১০৫ তারিখ: ২২/০২/২০১৫, ৫টি বিভাগের বিভাগীয় পুলিশ কমিশনার-এর নিকট পত্র প্রেরণ করা হয়। মহামান্য হাইকোর্টের রিট নং ৩১৮৯/২০০৮ মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিতাদেশপ্রাপ্ত ২৯টি আউটার ক্যাম্পাসের পক্ষে বৈধতার আদেশ থাকার কারণে উক্ত ২৯টি আউটার ক্যাম্পাস বন্ধ করা যায়নি মর্মে প্রেরিত পত্রসমূহে উল্লেখ করা হয়। মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিতাদেশপ্রাপ্ত ২৯টি আউটার ক্যাম্পাসের ওয়েব সাইট www.diu29-edu.com/www.diuedubdpc.com ব্যতীত বিভিন্ন গ্রুপ কর্তৃক অবৈধভাবে পরিচালিত ক্যাম্পাসসমূহের ০৮টি অবৈধ ওয়েব সাইট বন্ধ করার জন্য ০৪/০২/২০১৫ তারিখে স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০৪.১৪/১০৯ পত্রের মাধ্যমে চেয়ারম্যান, বিটিআরসি কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

০২। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রসমূহ সম্পর্কে সদয় অবগতি ও নিয়োগ/এমপিও/বিল বিবেচনা সম্পর্কে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৭২ (বাহ্যিক) পাতা।


(আব্দুস সাত্তার মিয়া)
সহকারী সচিব (বিঃঃ ১)
ফোনঃ ৯৫৪৯১৭৬।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার,.....(সকল)।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,.....(সকল)।